



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ আদায় বিভাগ।

Email: dgmrecovery@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং বক্রন

ফোনঃ ০২-৯৫৬৩১৬৫

নং-প্রক/আদায়-৮(৬২)এমওইউবিবি/২০১৬-২০১৭/৮৯৭

তারিখঃ ১১-০৫-২০১৭ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শ্রেণীকৃত ঋণ স্থিতি হ্রাসকরণ এবং অবলোপনকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংকসমূহের শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণের বিপরীতে আদায় পরিস্থিতি পর্যালোচনার জন্য বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব এস.কে.সুর চৌধুরী মহোদয়ের সভাপতিত্বে ২০টি ব্যাংকের প্রধান নির্বাহীগণের সাথে গত ১৭-০৪-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শ্রেণীকৃত ঋণ স্থিতি হ্রাসকরণ এবং অবলোপনকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

- প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে শ্রেণীকৃত ঋণ স্থিতি, শ্রেণীকৃত ঋণের বিপরীতে আদায় পরিস্থিতি, ঋণ অবলোপন, প্রভিশন সংরক্ষণ ও নতুন ঋণ আদায় বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন ব্যাংকের বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।
- ঋণ আদায় ইউনিটকে শক্তিশালী করতে হবে। পাশাপাশি মাঠ এবং শাখা পর্যায়ে ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জন করতে পারলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পুরস্কার বা ইনসেন্টিভ প্রদান করতে হবে; ব্যর্থতায় যথোপযুক্ত ব্যবস্থা নিতে হবে।
- শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ আদায়ে দায়েরকৃত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করতে হবে এবং মামলাগুলোর যথাযথ pursue করতে হবে।
- Bangladesh International Arbitration Center (BIAC) বা অনুরূপ অন্য কোন প্রতিষ্ঠানের সহযোগিতায় Alternative Dispute Resolution (ADR) এর মাধ্যমে শ্রেণীকৃত ঋণ আদায় পরিস্থিতির উন্নতির প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনবোধে অর্থ ঋণ আদায়তসহ সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের করে উপযুক্ত আইনজীবী নিয়োগ দিতে হবে।
- শ্রেণীকৃত ঋণের বিপরীতে আদায় হার যেন কোনভাবেই নিম্নগামী না হয়, বরঞ্চ উত্তরোত্তর যাতে অগ্রগতি সাধিত হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।
- ব্যাংকসমূহের ব্যবস্থাপক সম্মেলনে ঋণ আদায় পরিস্থিতির উপর আলোচনায় বিশেষ জোর দিতে হবে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ঋণ আদায় বিভাগ হতে ইতিপূর্বে জারীকৃত নিম্নলিখিত পরিপত্র ও পত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনের জন্য মাঠ কার্যালয়সমূহকে পরামর্শ দেয়া হলো।

(০১) পরিপত্র নং-০১/২০১৬ তারিখঃ-২৬-০৬-২০১৬ বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থবছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।
(০২) পত্র নং-১২(১২০০) তারিখঃ-১২-০৭-২০১৬ বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থবছরের জুলাই-আগস্ট-২০১৬ মাসে মাঠ পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে করণীয় কতিপয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদন প্রসঙ্গে।
(০৩) পত্র নং-১৪৫(১২০০) তারিখঃ-০১-০৯-২০১৬ বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রা অর্জনসহ শ্রেণীকৃত ঋণ স্থিতির পরিমান ও হার হ্রাসকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।
(০৪) পত্র নং-২১২(১২০০) তারিখঃ-২৬-০৯-২০১৬ বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ ও ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন প্রসঙ্গে।
(০৫) পত্র নং-২৫৬(১২০০) তারিখঃ- ০৯-১০-২০১৬ বিষয়ঃ- ১৬-অক্টোবর হতে ৩১ শে অক্টোবর পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচী গ্রহণ এবং ১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬ তারিখে ঋণ আদায় মহাক্যাম্প আয়োজন প্রসঙ্গে।


৯

(০৬) পত্র নং-৪৫৯(১২০০) তারিখঃ- ১৫-১২-২০১৬ বিষয়ঃ-২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক শ্রেণীকৃত ঋণ ও শ্রেণীযোগ্য ঋণঃ-০১ ও ০২ আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা অর্জনসহ শ্রেণীকৃত ঋণ স্থিতির পরিমান ও হারত্রাসকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।
(০৭) পত্র নং-৬৪১(১২০০) তারিখঃ- ১২-০২-২০১৬ বিষয়ঃ- ঋণগ্রহীতাদের তথ্যছক সংরক্ষণ,সকল ঋণগ্রহীতাদের সাথে নিবিড়ভাবে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদ প্রদানপূর্বক ঋণ আদায় কার্যক্রম জোরদার,গতিশীল ও ফলপ্রসূ করার মাধ্যমে ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণ প্রসঙ্গে।
(০৮) পত্র নং-৭৮৮(১২০০) তারিখঃ-৩০-০৩-২০১৭ বিষয়ঃ- ০২-০৪-২০১৭ হতে ১৩-০৪-২০১৭ পর্যন্ত ০২(দুই) সপ্তাহব্যাপী বিশেষ ঋণ আদায়ের কর্মসূচী গ্রহণ এবং ১৩-এপ্রিল,২০১৭ খ্রিঃ সকল শাখায় একযোগে শুভহালখাতা অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।
(০৯) পত্র নং-৮৬৫(১২০০) তারিখঃ- ০৩-০৫-২০১৭ বিষয়ঃ- ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং অবলোপনকৃত ঋণ আদায়, পুণঃনির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ প্রসঙ্গে।
(১০) পত্র নং- ৮৮৭(১২০০) তারিখঃ- ০৪-০৫-২০১৭ বিষয়ঃ- ১৫-০৫-২০১৭ হতে ২৫-০৫-২০১৭ পর্যন্ত পঞ্চকালব্যাপী ঋণ আদায়ের লক্ষ্যে মধুমেলা অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

০৩। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশৃষ্ট,



(মোঃ হাবিব উল্লাহ)


মহাব্যবস্থাপক

তারিখঃ ১১-০৫-২০১৭ খ্রিঃ

নং-প্রকা/আদায়-৮(৬২)/এমওইউবিবি/২০১৬-২০১৭/৮৯৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সর্বল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সর্বল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (সিস্টেমস) বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৬। নথি/মহানথি।



(মোঃ হাফিজুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক